পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৭৭৩ তারিখ ঃ ১৮/০৯/২০১৬ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) সেকশন অফিসার ✫ (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	২টি	প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সম্মানসহ স্নাতকোত্তর/ টেকনিক্যাল বিষয়ে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স সর্বোচ্চ ৩০ বছর। **অথবা** প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২য় শ্রেণির কর্মকর্তা/ সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
(২) অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ✫ (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	৭টি	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। খ) সরকার কর্তৃক কোন স্বীকৃত প্রতিষ্ঠানের কম্পিউটার প্রশিক্ষণে ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিং এ যথাক্রমে প্রতি মিনিটে কমপক্ষে ৪০ ও ৫০ শব্দের গতিসহ এম.এস.ওয়ার্ড, এম.এস.এক্সেল, এম.এস.এক্সেস, পাওয়ার পয়েন্ট ইত্যাদি প্রোগ্রামে দক্ষতাসম্পন্ন হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(৩) অফিস সহায়ক ✫ (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	৭টি	প্রার্থীকে কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।

✫ উল্লেখ্য যে, ০৫/০৬/২০১৬ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৫২০ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা ইতোমধ্যে 'সেকশন অফিসার' পদে, ৩০/০৫/২০১৬ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৮৬ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী 'অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' পদে ও ২৯/০৫/২০১৬ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৭৯ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী 'Office Attendant (অফিস সহায়ক)' পদে এবং ০৭/০৯/২০১৬ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৭৬৩ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী 'অফিস সহায়ক' পদে আবেদন করেছেন তাঁদের আর আবেদন করার প্রয়োজন নেই।

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১২/১০/২০১৬ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রশাসনিক ইউনিট, বাড়ী নং- ০৭৭৪-০০১, দক্ষিণ রাঘবপুর-৫, ঢাকা রোড, পাবনা, বরাবরে উক্ত তারিখের (**১২/১০/২০১৬ ইং**) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(**ক**) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (**খ**) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (**গ**) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (**ঘ**) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (**ঙ**) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (**চ**) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) (**ক**) সকল পদের প্রার্থীদের ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(**খ**) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) সারণীর ২ ও ৩ নং সারিতে উল্লিখিত কর্মচারী পদে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যেকোন একটি শর্ত শিথিলযোগ্য।

৫) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬) মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) প্রত্যেক প্রার্থীর তার প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

৯) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ১ নং পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ২-৩ নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১১) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০৯/১৬

অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।